তারিখ 15 NOV 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

যুগান্তর

বিনা টাকায় ফরম পূরণের দাবি

# শেরপুরে স্কুল শিক্ষককে পেটাল যুবলীগ নেতা

বগুড়া ব্যুরো

বিনা টাকায় এসএসসির ফরম পূরণ না করায় বগুড়ার শেরপুরের ভবানীপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি রামকৃষ্ণ দাস এক সহকারী শিক্ষককে মারধর করেছেন। আহত শিক্ষকের নাম আমিরুল ইসলাম। তিনি ভবানীপুর উচ্চবিদ্যালয়ের শিক্ষক। তাকে স্থানীয় স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। প্রধান শিক্ষক মোখলেসুর রহমানকে বাঁচাতে গিয়ে তিনি হামলার শিকার হন। খবর পেয়ে ওই শিক্ষকের স্বজনরা স্কুলে এলে যুবলীগ নেতা পালিয়ে যায়। আহত শিক্ষক আমিরুল ইসলাম ও অন্যরা জানান, যুবলীগ নেতা রামকৃষ্ণ দাস ভবানীপুর উচ্চবিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য। সোমবার দুপুরে এসএসসি পরীক্ষার ফরম পূরণের কাজ চলছিল। স্কুলের ম্যানেজিং কমিটির অপর সদস্য সবিতা রানীর মেয়ের ফরম পূরণের জন্য এক হাজার টাকা নেয়া হয়। টাকা নেয়ার কথা জানতে পেরে যুবলীগ নেতা ক্ষুব্ধ হন। বেলা ১২টার দিকে রামকৃষ্ণ স্কুলের অফিসে আসেন ও প্রধান শিক্ষককে অকথ্য ভাষায় গালিগালাজের পর ওই টাকা ফেরত চান। একপর্যায়ে স্যারের মোবাইল ফোন কেড়ে নিয়ে তাকে স্ট্যাপলার মেশিন দিয়ে মারতে চেষ্টা করে। এতে সহকারী শিক্ষক আমিরুল ইসলাম বাধা দেয়ায় বেদম মারধর করে। এ খবর পেয়ে তার স্বজনরা স্কুলে এলে যুবলীগ নেতা রামকৃষ্ণ পালিয়ে যায়। রামকৃষ্ণের মোবাইল ফোন বন্ধ থাকায় তার বক্তব্য পাওয়া যায়নি। সোমবার রাত সাড়ে ৭টায় এ খবর লেখার সময় প্রধান শিক্ষক ও ম্যানেজিং কমিটির সদস্যরা মামলা করতে শেরপুর থানায় ছিলেন। স্কুলের শিক্ষকরা জানান, অবিলম্বে হামলাকারী যুবলীগ ক্যাডারকে গ্রেফতার না করলে বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে। উপজেলা যুবলীগের সভাপতি তারিকুল ইসলাম তারেক জানান, রামকৃষ্ণ এ ধরনের অপরাধ করে থাকলে তার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেয়া হবে। শেরপুর থানার ওসি খান মো. এরফান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।